গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলানগর, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নম্বর-ডিজিএনএম/শা-৩/৪টি-৬৪(পার্ট-১)/২০১৭/ 2268

তারিখঃ- ০৩/২ /১৪২৪বাংলা
১৮/৪ /২০১৭ খ্রিঃ।

## বিএসসি নার্সিং/ বিএসসি পাবলিক হেলথ নার্সিং (পোস্ট বেসিক) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরাধীন ০৩(তিন)টি নার্সিং কলেজে যথা-কলেজ অব নার্সিং, মহাখালী, ঢাকা, বগুড়া নার্সিং কলেজ, বগুড়া ও ফৌজদারহাট নার্সিং কলেজ, চট্টগ্রামে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ০২(দুই) বছর মেয়াদী বি.এসসি নার্সিং/ বি.এসসি পাবলিক হেলথ নার্সিং (পোস্ট বেসিক) কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | কলেজের নাম | কোর্সের নাম | আসনসংখ্যা |
|---|---|---|---|
| ১ | কলেজ অব নার্সিং, মহাখালী, ঢাকা | বি.এসসি নার্সিং/ বি.এসসি পাবলিক হেলথ নার্সিং | ক) মোট আসন সংখ্যা-১২৫(একশত পঁচিশ)।<br>খ) সরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের আসনসংখ্যা- ১১৫ (পুরুষ প্রার্থী সর্বোচ্চ ১২ জন)।<br>গ) বিদেশী প্রার্থীদের জন্য সংরক্ষিত আসন সংখ্যা-০৫(পাঁচ)<br>ঘ) বেসরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের আসনসংখ্যা-০৫ (পাঁচ),মহিলা প্রার্থী-০৪(চার) জন এবং পুরুষ প্রার্থী০১(এক) জন।<br>ঙ) সরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থী পাওয়া না গেলে বেসরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের মধ্য থেকে নির্বাচন করা হবে |
| ২ | বগুড়া নার্সিং কলেজ, বগুড়া | বি.এসসি নার্সিং/ বি.এসসি পাবলিক হেলথ নার্সিং | ক) মোট আসন সংখ্যা-১২৫(একশত পঁচিশ)।<br>খ) সরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের আসনসংখ্যা-১২০ (পুরুষ প্রার্থী সর্বোচ্চ ১২ জন)।<br>গ) বেসরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের আসনসংখ্যা- ০৫ (পাঁচ), মহিলা প্রার্থী ০৪(চার) জন এবং পুরুষ ০১(এক) জন।<br>ঘ) সরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থী পাওয়া না গেলে বেসরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের মধ্য থেকে নির্বাচন করা হবে। |
| ৩ | ফৌজদারহাট নার্সিং কলেজ, চট্টগ্রাম | বি.এসসি নার্সিং/ বি.এসসি পাবলিক হেলথ নার্সিং | ক) মোট আসন সংখ্যা-১২৫(একশত পঁচিশ)।<br>খ) সরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের আসনসংখ্যা- ১২০ (একশত বিশ), (পুরুষ প্রার্থী সর্বোচ্চ ১২জন)।<br>গ) বেসরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের আসনসংখ্যা-০৫ (পাঁচ), মহিলা প্রার্থী ০৪(চার) জন এবং পুরুষ ০১(এক) জন।<br>ঘ) সরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থী পাওয়া না গেলে বেসরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের মধ্য থেকে নির্বাচন করা হবে। |

**ভর্তির জন্য প্রার্থীর যোগ্যতা ও শর্তাবলীঃ-**

**২.ক- বাংলাদেশী প্রার্থীঃ-**

- এস,এসসি বা সমমানের/এইচ.এসসি বা সমমানের পরীক্ষায় পাস;
- ডিপ্লোমা ইন নার্সিং ও ডিপ্লোমা ইন মিডওয়াইফারি বা সমমান/ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি পাস;
- বাংলাদেশ নার্সিং এন্ড মিডওয়াইফারি কাউন্সিল হতে হালনাগাদ রেজিস্ট্রেশন প্রাপ্ত;
- সরকারী প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের উক্ত কোর্সে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য সিনিয়র স্টাফ নার্স/ স্টাফ নার্স পদে কমপক্ষে ০২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে এবং অভিজ্ঞতার স্বপক্ষে স্থানীয় কর্তৃপক্ষের নিকট থেকে প্রত্যয়ণপত্র আবেদনের সঙ্গে দাখিল করতে হবে। বেসরকারী প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে চাকুরীর অভিজ্ঞতা শিথিলযোগ্য;
- উপযুক্ত চিকিৎসক (ন্যূনতম কনসালটেন্ট),সিভিল সার্জন বা সমমান/আরপি/আর এস অথবা সম পদমর্যাদা সম্পন্ন চিকিৎসক কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সনদপত্র জমা দিতে হবে।

২ .খ- বিদেশী প্রার্থীঃ-

- মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় পাস;
- ডিপ্লোমা ইন নার্সিং পাস;
- সংশ্লিষ্ট দেশের নার্সিং কাউন্সিল থেকে হালনাগাদ রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে;
- ডিপ্লোমা ইন নার্সিং পাসের পর সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২(দুই) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে;
- উপযুক্ত চিকিৎসক কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সনদ পত্র;
- বিদেশী প্রার্থীদের সংশ্লিষ্ট দেশের দূতাবাসের মাধ্যমে আবেদন করতে হবে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে প্রাপ্ত বিদেশী প্রার্থীদের একটি কমিটির মাধ্যমে মূল্যায়ণ করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট নার্সিং কলেজে ভর্তি করা হবে।

৩. প্রার্থী যে কলেজে ভর্তি হতে ইচ্ছুক সে কলেজ থেকে আবেদনপত্র সংগ্রহ ও তা যথাযথভাবে পূরণ করে ঐ কলেজেই জমা দিয়ে নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। প্রার্থী যে কলেজে ভর্তি হতে ইচ্ছুক সে কলেজের আসনসংখ্যা অপেক্ষা নির্বাচিত প্রার্থী বেশী হলে অন্য কলেজ ভর্তির জন্য নির্বাচন করা হবে।

৪. নগদ ১০০/-(একশত) টাকা( অফেরৎযোগ্য) প্রদান করে সংশ্লিষ্ট নার্সিং কলেজ থেকে ২২/০৪/২০১৭খ্রিঃ তারিখ থেকে ০৪/০৫/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে আবেদনপত্র সংগ্রহ করা যাবে।

৫. সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র ও ছবি(রঙ্গিন) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (ন্যূনতম নবম গ্রেডের কর্মকর্তা) কর্তৃক সত্যায়িত করে(সত্যায়নকারী কর্মকর্তার নাম,পদবী ও কর্মস্থলের নামউল্লেখসহ সীলমোহরযুক্ত থাকতে হবে)

৬. আবেদনপত্রের সাথে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত প্রতিলিপি,সদ্যতোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবিসহ সভাপতি, ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত নির্বাহী কমিটি, **চলতি হিসাব নম্বর- ১৬২৬১০২০০০২৫৪, সোনালী ব্যাংক, গণভবন শাখা, ঢাকা এর অনুকুলে** ২০০/-(দুইশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) অথবা অন লাইন ব্যাংকিং এর প্রমানকসহ ১৩/০৫/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে স্ব-হস্তে পূরণকৃত আবেদনপত্র সংশ্লিষ্ট নার্সিং কলেজে জমা দিতে হবে।

৭. প্রার্থীকে ১০০ নম্বরের নৈর্ব্যত্তিক (MCQ)প্রশ্নের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার যাতায়ত/ দৈনিক ভাতা প্রদান করা হবে না। পরীক্ষার হলে ক্যালকুলেটর, মোবাইল ফোন বা এ জাতীয় কোন যন্ত্রপাতি সংগে আনা যাবে না। শুধুমাত্র পেন্সিল,কলম, রাবার, স্কেল ইত্যাদি ব্যবহার করতে পারবেন।

৮. SIF পূরণের ক্ষেত্রে বল পয়েন্ট কলম ব্যবহার করতে হবে।

৯. চাকুরীরত প্রার্থীদের স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১০. নির্বাচিত প্রার্থী কলেজে অধ্যয়নকালে কোন প্রকার চাকুরী, প্রশিক্ষণ বা অন্যকোন প্রতিষ্ঠানে অধ্যয়ন করতে পারবে না।

১১. স্থানীয় কর্তৃপক্ষ নির্বাচিত সরকারি প্রার্থীদের সংযুক্তি/প্রেষণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এ প্রেরণ করবেন।

১২. অধ্যয়নকালে সংশ্লিষ্ট নার্সিং কলেজের নিয়ম মোতাবেক ছুটি ভোগ করতে পারবেন।

১৩. ভর্তিকালীন সময়ে প্রার্থীর দেয়া কোন তথ্য ভুল প্রমানিত হলে বা সংশ্লিষ্ট নার্সিং কলেজের শৃঙ্খলা পরিপন্থি কোন কাজে লিপ্ত হলে তার প্রশিক্ষণ বাতিল বলে গণ্য হবে।

১৪. নির্বাচিত পুরুষ প্রার্থীদের নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে। আবাসন সংকুলান না হলে মহিলা প্রার্থীকেও নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে।

১৫. আবেদনপত্র সংগ্রহের তারিখঃ ২২/০৪/২০১৭ খ্রিঃ তারিখ হতে ০৪/০৫/২০১৭খ্রিঃ তারিখ পর্যন্ত( অফিস চলাকালীন সময়ে)।

১৬. আবেদনপত্র জমার শেষ তারিখঃ ১৩/০৫/২০১৭ খ্রিঃ পর্যন্ত( অফিস চলাকালীন সময়)।

১৭. সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষগণ কর্তৃক আবেদনপত্র যাচাই-বাছাই ও প্রবেশপত্র ইস্যুর তারিখঃ ১৬/০৫ /২০১৭ খ্রিঃ। প্রবেশপত্র ইস্যুকৃত আবেদন(প্রবেশপত্রের অংশটুকু কেটে রেখে) ও বাতিলকৃত আবেদনসমূহ আলাদা তালিকা করে ১৮/০৫/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এ প্রেরণ করতে হবে

১৮. প্রবেশপত্র বিতরণের তারিখঃ ২০/০৫/২০১৭খ্রিঃ হতে ২৫/০৫/২০১৭খ্রিঃ তারিখ পর্যন্ত (স্ব-স্ব নার্সিং কলেজ হতে ভর্তিচ্ছুক প্রার্থীদের প্রবেশপত্র সংগ্রহের জন্য বলা হলো)।

১৮. ভর্তি পরীক্ষা গ্রহণের তারিখঃ ২৬/০৫/২০১৭ খ্রিঃ রোজ শুক্রবার সকাল ১০.০০ ঘটিকা হতে ১১.০০ ঘটিকা পর্যন্ত-(এক)ঘন্টা।

১৯. এ বিজ্ঞপ্তি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর ওয়েবসাইট **<u>www.dgnm.gov.bd</u>** এ পাওয়া যাবে।

২০/৪/১৭

পরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ও
সভাপতি, ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত নির্বাহী কমিটি।